

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪৭. মারিফতের প্রাবল্যে আত্মবিলুপ্তি

যাহিরী ইলম, বাতিনী ইলম, মারিফাত, ফানা ইত্যাদি বিষয়ক দাজ্জাল জালিয়াতদের বানানো একটি গল্প একজন সরলপ্রাণ সুফীর বই থেকে উদ্ধৃত করছি: "হজরত (রাসূলুল্লাহ 🞉) ঐশী উন্মাদনার মধ্যে এরূপ আত্ম-বিলুপ্ত হইতেন যে, প্রিয় সহধর্মিনী আয়েশাকেও চিনিতে পারিতেন না। একদা আঁ-হজরত স্বীয় স্ত্রীকে জিজ্ঞাসা করিয়াছিলেন: 'মান আন্তে' (তুমি কে)? হজরত আয়েশা বলিলেন, 'আনা আয়েশাতো' (আমি আয়েশা)। পুনরায় আঁ-হজরত জিজ্ঞাসা করিলেন, 'মান আয়েশাতো' (আয়েশা কে)? তিনি বলিলেন, 'বিন্-তুচ্ছ ছিদ্দীক' (প্রথম খলিফা ছিদ্দিক কন্যা)। পুনরায় আঁ-হজরত জিজ্ঞাসা করিলেন, ছিদ্দিক কে? উত্তরে তিনি বলিলেন- 'মুহাম্মদের শ্বভর'। যখন পুনরায় আঁ-হজরত জিজ্ঞাসা করিলেন, 'মুহাম্মদ কে?' তখন হজরত আয়েশা স্বামীর অবস্থান্তর বুঝিতে পারিয়া নিবর্বাক রহিলেন।"[1]

মহান আল্লাহ জালিয়াতদেরকে লাঞ্ছিত করুন, জালিয়াতির অপবিত্রতা থেকে তাঁর প্রিয়তম মুহাম্মাদ (ﷺ) এর পবিত্র আঙ্গিনাকে মুক্ত করুন, জালিয়াতদের বানানো "জাল ইসলাম" থেকে উম্মাতে মুহাম্মাদীকে রক্ষা করুন এবং মুহাম্মাদ (ﷺ) এর উম্মাতের সকলকে তাঁর রেখে যাওয়া কুরআন কারীম ও বিশুদ্ধ হাদীসের আলোকে জীবন গঠনের তাওফীক প্রদান করুন।

ফুটনোট

[1] আলহাজ্জ খান বাহাদুর আহছানউল্লা, ছুফী (ঢাকা, ইসলামিক ফাউন্ডেশন, ২য় সংস্করণ ২০১১) পৃষ্ঠা ১৮।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4908

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন